

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.৭৮০.০৬(অংশ-১)- ২৫২

তারিখঃ - ৩০/০৫/২০১৭খ্রিঃ


দপ্তরাদেশ

যুব উন্নয়ন অধিদপ্তরের আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচি বাস্তবায়নের জন্য একই কর্মসূচিভূক্ত নারায়নগঞ্জ জেলাধীন সোনারগাঁ উপজেলার এপ্রিল/১৭ মাসের ব্যাংক স্থিতি ২৫,৭৯,৮৩৬/- (পঁচিশ লক্ষ উনআশি হাজার আটশত ছত্রিশ) টাকা হতে একই জেলাধীন সদর উপজেলায় ৫.০০(পাঁচ) লক্ষ টাকা স্থানান্তরের নিমিত্ত নিম্নরূপ আদেশ জারী করা হলো।

নং	প্রদত্ত জেলা ও উপজেলার নাম		প্রাপ্ত জেলা ও উপজেলার নাম		
	জেলার নাম	যে উপজেলা হতে অর্থ স্থানান্তর করা হলো	জেলার নাম	যে উপজেলায় অর্থ স্থানান্তর করা হলো	স্থানান্তরিত অর্থের পরিমাণ
১	২	৩	৪	৫	৬
১	নারায়নগঞ্জ	সোনারগাঁ	নারায়নগঞ্জ	সদর মোট	৫.০০ ৫.০০

- ২। ঋণ তহবিল স্থানান্তরের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :
- (ক) স্থানান্তরিত অর্থ প্রাপ্ত উপজেলায় মোট ঋণ তহবিল হিসেবে ব্যবহৃত হবে।
- (খ) উপরোক্ত ঋণ তহবিল স্থানান্তরের বিভাজন মোতাবেক অর্থ প্রেরণকারী সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা একাউন্টপেয়ী চেক ইস্যু করতঃ অগ্রায়ন পত্রের মাধ্যমে প্রেরিতব্য ঋণ তহবিল প্রাপক কর্মকর্তার অনুকূল রেজিঃ ডাকযোগে প্রেরণ করবেন এবং পত্রের অনুলিপি জেলা কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়কে অবহিত করবেন।
- (গ) বরাদ্দপ্রাপ্ত কার্যালয়ের কর্মকর্তা প্রাপ্ত একাউন্টপেয়ী চেকটি প্রাপ্ত স্বীকার পত্রের মাধ্যমে প্রেরণকারী কর্মকর্তাকে অবহিত করবেন এবং অনুলিপি জেলা কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।


- ৩। শর্ত থাকে যে :
- (ক) ঋণ তহবিলের অর্থ আগামী ১০/০৬/১৭ তারিখের মধ্যে উপরোক্ত প্রক্রিয়ায় স্থানান্তর নিশ্চিত করতে হবে।
- (খ) প্রাপ্ত চেকটি উপজেলার STD হিসাবে জমা করতঃ বিতরণের জন্য পর্যায়ক্রমে চলতি হিসাবে অভ্যন্তরীণ স্থানান্তর করা যাবে।
- (গ) প্রাপ্ত ঋণ তহবিল, ঋণ প্রতিবেদনের স্থানান্তরে প্রাপ্ত ঘরে বসিয়ে মোট ঋণ তহবিলের সাথে যোগ করতে হবে এবং তা স্থায়ী ঋণ তহবিল প্রাপ্তি ও প্রেরণ রেজিস্টারে প্রাপ্ত স্মারক নং তারিখ ও চেকের ফটোকপিসহ সংরক্ষণ করতে হবে।
- (ঘ) প্রেরিত ঋণ তহবিল, ঋণ প্রতিবেদনের স্থানান্তরে প্রদত্ত ঘরে বসিয়ে মোট ঋণ তহবিল হতে বিয়োগ করতে হবে এবং তা স্থায়ী ঋণ তহবিল প্রাপ্তি ও প্রেরণ রেজিস্টারে প্রদত্ত স্মারক নং তারিখ ও চেকের ফটোকপিসহ সংরক্ষণ করতে হবে।
- (ঙ) কর্তৃপক্ষ প্রত্যাশা করেন যে, প্রদানকৃত ঋণ তহবিল অত্যন্ত দক্ষতা, দায়িত্বশীলতা ও নিষ্ঠার সাথে ব্যবহৃত হবে। কোন অবস্থাতেই ক্রেডিট ম্যানুয়েলে বর্ণিত নিয়মাবলী ও শর্তাদি পুংখানুপুংখরূপে প্রতিপালন ছাড়া ঋণ বিতরণ করা যাবে না।
- (চ) ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে বছরের শুরুতেই প্রদত্ত নির্দেশনা পুংখানুপুংখরূপে প্রতিপালন করতে হবে।
- (ছ) এই তহবিলের কোন অর্থই খেলাপী করা চলবে না, যদি কোন অর্থ খেলাপী হয় তবে তার দায় সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর ব্যক্তিগত দায় হিসাবে গণ্য হবে।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৯৩৮৯

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.৭৮০.০৬(অংশ-১)- ২৫২

তারিখঃ - ৩০/০৫/২০১৭খ্রিঃ

- অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
- ০১। উপ-সচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নারায়নগঞ্জ জেলা।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনারগাঁ/সদর, নারায়নগঞ্জ জেলা।
- ০৪। ব্যবস্থাপক ব্যাংক শাখা।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। অফিস কপি।


(কে.এম জাহিদ হোসেন)
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)